কালীগঞ্জে স্বাস্থ্য সহকারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতী

বেতন বৈষম্য নিরসনের দাবিতে অনির্দিষ্টকালের কর্মবিরতী পালন করেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য সহকারীরা।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে তারা এ কর্মসূচী পালন করেছে।

বাংলাদেশ হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশন, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় পরিদর্শক সমিতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় মাঠ কর্মচারী এসোসিয়েশন ও বাংলাদেশ হেল্থ ইন্সপেক্টর সেক্টোরাল এসোসিয়েশন যৌথভাবে এই কর্মসূচী পালন করছেন।

জেলা হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফারুক হোসেন জানান, আমরা মাতৃ ও শিশু মৃত্যুর হার কমানো, শিশুদের যক্ষা নিয়ন্ত্রণ, পোলিও মুক্ত, ম্যালেরিয়া নিয়ন্ত্রণসহ গুটি বসন্ত মুক্ত বাংলাদেশ গড়তে নিরলস কাজ করে যাচ্ছি ।

কিন্তু আমরা চাকরির শুরু থেকে অবহেলিত ও বেতন বৈষম্যের শিকার হয়ে আসছি। প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী আমাদের দাবি মেনে নিলেও তা বাস্তবায়ন হয়নি। তাই বাধ্য হয়ে আমরা কর্মবিরতী ঘোষণা করেছি।

হরিণাকুণ্ডুতে বিজ্ঞান মেলার উদ্বোধন

‘পরিবেশ সংরক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে ৪২তম জাতীয় বিজ্ঞান মেলা, বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকালে উপজেলা পরিষদ চত্তরে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা আনুষ্ঠানিক ভাবে এ মেলার উদ্বোধন ঘোষণা

করেন। এ সময় থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লাসহ উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনের পর মেলায় অংশ গ্রহণকারী ১৩টি স্টল পরিদর্শন শেষে উপজেলা মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, অধ্যক্ষ শরিফুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক, প্রেসক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু।

যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেনের সঞ্চালনায় উক্ত আলোচনা সভায় উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

কালীগঞ্জে গণপরিবহণে নেই ‘নো মাস্ক নো সার্ভিস’ নীতি

সারাদেশের ন্যয় কালীগঞ্জেও ‘নো মাস্ক নো সার্ভিস’ প্রচারণা থাকলেও বাস্তবায়নে কোন তোড়জোড় চোখে পড়ছে না। উপজেলায় গণপরিবহণ চলাচলে স্বাস্থ্যবিধির কোন বালাই নেই। রাস্তা ঘাট, হাট বাজার ও গণপরিবহণে মাস্ক ছাড়াই অবাধে চলাচল করছে মানুষ।

স্বাস্থ্য সচেতনদের দাবি প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত মাস্ক ব্যবহারের জরিমানা ও সাজা প্রদান কমে আসায় মানুষের মধ্যে মাস্ক ব্যবহারের অনিহা দেখা দিয়েছে।মাস্ক ছাড়া যে কোন সেবা প্রদান করা থেকে বিরত থাকার কথা থাকলেও গণপরিবহণে এর কোন বালাই নেই, যাত্রীরা মাস্ক ছাড়াই উঠছে গণপরিবহণে। এছাড়া অধিকাংশ গাড়ি চালকদের মুখেও নেই মাস্ক। দাঁড়িয়ে যাত্রী নেওয়া নিষেধ থাকলেও তা মানছে না চালকরা এবং বাসে উঠার আগে জীবাণুনাশক দিয়ে হাত পরিষ্কার করার শর্তও মানছে না তারা।

সাগর নামের এক যাত্রী বলেন, বাড়ি থেকে মাস্ক আনতে ভুলে গেছি আর এখন তো করোনায় মানুষ মরে না অযথা কেন মুখ আটকিয়ে রাখবো। যারা বেশি সচেতন তাদের এ রোগে আক্রান্ত হয় বলেও তিনি মন্তব্য করেন।

অনেক যাত্রী মন্তব্য করেন, তারা প্রতিনিয়ত মাস্ক ব্যবহার করেন তবে এখন নিশ্বাস নিতে কষ্ট হওয়ায় খুলে রাখছে।

শাপলা পরিবহনের এক হেলপার বলেন, সকাল বেলায় মাস্ক নিয়ে বের হয়েছিলাম কিন্তু কোথায় যেন পড়ে গেছে মনে নেই। গাড়িতে দাঁড়িয়ে যাত্রী নেওয়া নিষেধ এমন প্রশ্নে তিনি বলেন, আমাদের ছোট গাড়ি অতিরিক্ত যাত্রী না নিলে তেলের টাকা উঠে না। কত দিন পর পর গাড়ি জীবাণুনাশক ঔষধ দিয়ে স্প্রে করেন এমন প্রশ্নে তিনি হেসে দিয়ে বলেন, এটা আবার কি কন গাড়িতে আবার কিসের জীবানু।

পূর্বাশা পরিবহনের নাম প্রকাশে অনিচ্ছুক এক চালক বলেন, গাড়িতে অধিকাংশ যাত্রীর মুখে মাস্ক নেই আমরা ছোট কাজ করি যাত্রীদের মাস্ক ব্যবহারের কথা বললে মারধর করতে আসে। ‘নো মাস্ক নো র্সাভসি’এ কথাটি আমিও শুনেছি তবে আমরা-তো গরিব মানুষ যাত্রী না উঠলে গাড়ি চলবে না আর গাড়ি না চললে না খেয়ে মরতে হবে সেই জন্য করোনার ঝুঁকি নিয়েই গাড়ি চালাচ্ছি।

কালীগঞ্জ উপজেলা প্রশাসন থেকে প্রতিনিয়ত মাস্ক ব্যবহারের জন্য মানুষকে সচেতন করা হচ্ছে এবং মাঝে মাঝে নির্বাহী ম্যাজিস্ট্রেটরা ভ্রাম্যমাণ আদালত অভিযান করছে, তারপরও এ বিষয়ে সাধারন মানুষের মাস্ক ব্যবহার নিয়ে আগ্রহ পাওয়া যাচ্ছে না, করোনার ২য় ধাক্কা মোকাবিলায় যা খারাপ একটি ইঙ্গিত বহন করছে করছে বলে কালীগঞ্জের সচেতন মহলের মনোভাব।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের প্রথম সেমিফাইনাল ম্যাচে কোটচাঁদপুর একাদশের

বিপক্ষে ১-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের গোলকিপার মোঃ বায়েজিদ হোসেন। খেলায় একমাত্র গোলটি করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৯ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম মেম্বার, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক, মোঃ আনিচুর রহমান খোকা।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কোটচাঁদপুরে ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর নার্সিং হোমে ভুল চিকিৎসায় মিতা (৩৫) নামে এক প্রসূতির মৃত্যুর ঘটনা ঘটেছে। সোমবার সকালে উন্নত চিকিৎসার জন্য যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নেওয়ার পর তার মৃত্যু হয়। এর আগে রবিবার রাত সাড়ে ৮ টার দিকে কোটচাঁদপুর নার্সিং হোমে ওই প্রসূতির সিজারিয়ান অপারেশন করেন ওই নার্সিং হোমের চিকিৎসক ডাঃ ফাহিম উদ্দীন।

জানা যায়, রবিবার রাতে উপজেলার বড়বামনদাহ গ্রামের আব্দুল হামিদের স্ত্রী মিতা খাতুন (৩৫) এর প্রসব বেদনা হলে শহরের কোটচাঁদপুর নার্সিং হোমে ভর্তি করেন। সেখানে তার অপারেশন করেন ডাঃ ফাহিম উদ্দীন। অপারেশনের পর তার শারিরীক অবস্থার অবনতি হয়। এসময় ক্লিনিক কর্তৃপক্ষ অবস্থা বেগতিক দেখে মিতাকে যশোরে পাঠায়। সেখানে চিকিৎসা দেওয়ার আগেই মিতার মৃত্যু হয়।

মৃতের স্বজনরা অভিযোগ করে বলেন, তারা কোন কিছু পরীক্ষা নিরীক্ষার কাগজ পত্র না দেখে অপারেশন রুমে নিয়ে যান এবং সিজার করেন। অবস্থা খারাপের দিকে গেলেও তারা রোগীকে সেখানেই চিকিৎসা দিতে থাকে। এরপর কোন উপায় না পেয়ে ওই নারীকে যশোরে রেফার্ড করেন। ভোরের দিকে আমরা রোগীকে যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নিলে সেখানে চিকিৎসার আগেই তাঁর মৃত্যু হয়।

ক্লিনিক মালিক আজাদ রহমান জানান, রোগীর একলেমশীয়ার সমস্যা ছিল। এবং রোগীর পেশার বেশি ছিল। অপারেশনের পর রোগীর অবস্থা খারাপ হয়। পরে তাকে যশোরে পাঠানো হয়। তিনি অভিযোগ করে বলেন, রোগীকে প্রাইভেট হাসপাতালে না নিয়ে সদর হাসপাতালে নিলে এঘটনা নাও ঘটতে পারত।

বিষয়টি নিয়ে ডাঃ ফাহিম উদ্দীনের সঙ্গে কথা বলতে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার নাম্বারটি বন্ধ পাওয়া যায়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ডাঃ আব্দুর রশিদ বলেন, বিষয়টি শুনেছি। সিভিল সার্জনের সঙ্গে কথাও হয়েছে। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা নেওয়া হবে।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বলেন, আমি ঢাকায় আছি। বিষয়টি আমার জানা নাই। তবে খোঁজ নিয়ে দেখছি। এম.বি.বি.এস পাস করে অপারেশন করতে পারে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, জ্বি করতে পারেন।

ঝিনাইদহে আবাদি জমিতে খাল খননের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার ৫ টি গ্রামে আবাদি জমিতে খাল খননের সিদ্েধোন্তর প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

সোমবার সকালে সদর উপজেলার হামদরডাঙ্গা গ্রামের মাঠে এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় কৃষকরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বাগডাঙ্গা, নাচনা, সুরাট, বদনপুর ও হামদরডাঙ্গা গ্রামের শত শত কৃষক-কৃষাণিরা অংশ নেয়। পরে তারা সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে।

মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য দেন কৃষক নজরুল ইসলাম, মাহবুবুর রহমান, আমিরুল ইসলাম, আব্দুল আজিজ মন্ডল, জামির হোসেন, উজ্জল মেম্বার. গোবিন্দ দাস, খোকন মিত্র, খাইরুল ইসলামসহ অনেকেই।

এ সময় তারা বলেন, ওই ৫ গ্রামের মাঝে অবস্থিত মাঠে বিএডিসি খাল খননের সিন্ধান্ত নিয়েছে। খাল খনন করা হলে আবাদি জমি নষ্ট হবে।

জমি হারিয়ে নিঃস্ব হবে গরিব কৃষক। তাই খাল খনন না করার দাবি জানান তারা। অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিল না হলে পরবর্তীতে বৃহত্তর আন্দোলন কর্মসূচি গড়ে তোলা হবে বলে জানান তারা।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ

দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে ২০২০-২০২১ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র/প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ভুট্টা, বোরো ধান, সরিষা, গম, মুগ, পেঁয়াজ বীজ এবং রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হযেছে। এ কর্মসূচির উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু ।

গতকাল রবিবার সকাল সাড়ে ১০ টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি অধিদপ্তরের আয়োজনে জননেত্রী শেখ হাসিনার দেওয়া বিনামূল্যে সার ও ভুট্টার বীজ চাষীদের মাঝে তুলে দেওয়া হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি মোঃ মহিউদ্দিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা

মনিরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, হাউলী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, কৃষক সংগঠনের সভাপতি শামসুল ইসলাম ও কৃষকগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, এ মৌসুমে ৮ হাজার ২৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে পর্যায়ক্রমে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হবে। এ উপজেলার ৭ হাজার ভূট্টা চাষী, ৫০০ বোরো ধান চাষী, ২০০ সরিষা চাষী, ১০০ জন গম চাষী, ১৫০ জন পেঁয়াজ চাষী ও ৩০০ জন গ্রীষ্মকালীন মুগডাল চাষীর মধ্যে পর্যাক্রমে সার ও বীজ বিতরণ শুরু করা হয়েছে।

ঝিনাইদহে সাংবাদিক দুর্র্বৃত্তদের হামলার শিকার

ঝিনাইদহ প্রেস ক্লাবের সদস্য ও দুরন্ত প্রকাশের সম্পাদক ও প্রকাশক সাংবাদিক মিরাজ জামান রাজ দুর্বৃত্তদের হামলায় আহত হয়ে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গত ২০ নভেম্বর রাত ৯ টার দিকে পুলিশ লাইন হাই স্কুলের সামনে দুর্বৃত্তরা তার উপর হামলা চালায়।

জানা যায় সেদিন রাত ৯টার দিকে পেশাগত দায়িত্ব পালন শেষে মিরাজ জামান রাজ বাড়ী ফিরছিল এ সময় কে বা কারা তার নিজস্ব চলন্ত মোটরসাইকেলে থাকা অবস্থায় পিছন থেকে এসে অতর্কিত হামলা চালায়। এতে সে গুরুতর জখম হয়। তার মাথায় ৫ টি সেলাইসহ কমর ও পায়ে পচণ্ড আঘাত পায়। আঘাত পেয়ে অজ্ঞান অবস্থায় রাস্তায় পড়ে থাকতে দেখে পথচারীরা ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

এখন তার অবস্থা আশঙ্কাজনক। এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান বলেন, আমরা কোন অভিযোগ পাইনি। পরিবারের পক্ষ থেকে অভিযোগ দিলে আমরা আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করবো।

তবে সাংবাদিক মিরাজ জামান রাজ গত ১৭/১১/২০২০ ইং তারিখে নিজের

নিরাপত্তার জন্য ঝিনাইদহ সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছিল। অভিযোগ নং টি ৮৫০, তবে সেটা থানায় বসে মীমাংসা করা হয়েছিল বলে জানাগেছে।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথম হারনিয়ার অপারেশন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথম হারনিয়ার অপারেশন করা হয়েছে।

গতকাল দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অপারেশন থিয়েটারে হারনিয়ার অপারেশন করেন ডাক্তার এম এ কাফী। রোগীর নাম যুথিকা দাস সে কালীগঞ্জ শহরের নিশ্চিন্তপুর গ্রামের অধির দাসের মেয়ে।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মকর্তা শামীমা শিরিন লুবনা জানান এর আগে কখনো এই হাসপাতালে হারনিয়ার অপারেশন হয়নি। এই প্রথম এখানে হারনিয়ার অপারেশন করা হলেও রুগী এখন অনেক সুস্থ।

রোগির স্বজন অবসরপ্রাপ্ত যুগ্মসচিব প্রভাদ কুমার দাস জানান উপজেলা পর্যায়ে সরকারি হাসপাতালে এরকম অপারেশন হওয়া দেশের চিকিৎসা ব্যবস্থার জন্য সুখবর। অপারেশন এর সময় আমি ছিলাম । অপারেশন করতে প্রায় দুই ঘন্টা সময় লেগেছে।

চিকিৎসক এম এ কাফী জানান, অপারেশনটি বেশ জটিল তবে এই হাসপাতালে প্রথম এই অপারেশন করা হলো। আশা করি পরে আরো এই ধরনের অপারেশন করা হবে।

কালীগঞ্জে ধান তুলতে ব্যস্ত কৃষকরা

ঝিনাইদহের কালীগঞ্জে কৃষকরা সোনালী ধান ঘরে তুলতে ব্যস্ত, অন্যদিকে চলছে ঘরে ঘরে নবান্ন উৎসব। নবান্নের আনন্দে আমন ধান কাটার ধুম লেগেছে কালীগঞ্জ উপ-জেলার প্রতিটা গ্রামে গ্রামে। আগাম জাতের আমন ধানকাটা মাড়াই চলছে পুরোদমে। মাঠের সোনালি ধান এখন ঘরে তুলতে ব্যস্ত এ অঞ্চলের কৃষকরা।

কালীগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ জানায়, চলতি বছর আমন চাষে প্রতিকূল আবহাওয়া মোকাবিলা করতে হয়েছে উপজেলার কৃষকদের। কিন্তু বর্তমানে আবহাওয়া অনুকূলে থাকায় নির্বিঘ্নে ধান কাটা মাড়াই ও শুকানোর কাজ করতে পারছেন কৃষান-কৃষানিরা।

মাঠ জুড়ে সোনালি ধানের মৌ মৌ গন্ধে মনের আনন্দে কাজ করছেন তারা। কথা বলার মতো ফুরসত নেই তাদের। কালীগঞ্জ উপজেলা ভাটাডাঙ্গা, গুমরাইল, মালিয়াট, হাজিপুর মুন্দিয়া, রঘুনাথপুর, তত্তিপুর, আড়মুখী গ্রামে বাম্পার ফলন হয়েছে ।

ধান কেটে অনেক কৃষকই আঁটি বেঁধে কাঁধে করে, আবার অনেকেই বিভিন্ন যানবাহনে বাড়িতে নিয়ে যাচ্ছেন। বাসা-বাড়ির উঠানে চলছে আগাম জাতের ধান মাড়াইয়ের কাজ। এসব ধান নিয়ে কৃষকের যেমন ব্যস্ততা তেমনি আনন্দও প্রচুর। অনেকের বাড়িতে চলছে শীতের সকালে ভাঁপা পুলি, তেল পিঠা, নতুন চালের পায়েস ও নাড়ু মুড়ির মুখরোচক খাবার।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা যায়, জেলার ছয় উপজেলায় ধানের বাম্পার ফলন হয়েছে। এই মৌসুমে জেলায় বেশির ভাগ জমিতে রোপা আমণের চাষ করা হয়েছে। মোট আবাদের মধ্যে রয়েছে সুগন্ধি ব্রি-ধান।

অপরদিকে, কয়েক দফার বন্যা এবং অতি বৃষ্টির কারণে নিম্মাঞ্চলের অনেক জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে।

কালীগঞ্জ উপজেলার ফরাশপুর গ্রামের কৃষকরা জানান, প্রতিকূল আবহাওয়ার মধ্যেও ধানের বাম্পার ফলন ভালো হয়েছে এবার। অগ্রহায়ণ মাসে পুরো ধান কাটা শুর হলেও আগাম জাতের বিভিন্ন ধান কার্তিকের মাঝামাঝি থেকে কাটা শুর করেছি।

কালীগঞ্জ কৃষি কর্মকর্তা শিকদার মোহাইমেন আক্তার বলেন, ঠিকমতো সার কিটনাশক পাওয়ায় ও আবহাওয়া অনুকূলে থাকায় এ বছর ধানের বাম্পার ফলন হয়েছে।